খুলনা বিশ্ববিদ্যালয়

খুলনা

রেজিস্ট্রারের কার্যালয়

(সংস্থাপন-০৩)

**নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী**

১। **সেকশন অফিসার :** (গ্রেড-০৯) - ০৫ (পাঁচ) টি পদ

জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী বেতন ক্রম : (২২,০০০-৫৩০৬০/-)

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১টি প্রথম বিভাগ/শ্রেণী/গ্রেডসহ সকল পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর।

২। **ইনস্ট্রুমেন্ট ইঞ্জিনিয়ার:** (গ্রেড-০৯) - ০১ (এক) টি পদ

জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী বেতন ক্রম : (২২,০০০-৫৩০৬০/-

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে প্রকৌশলে (যেমন, তড়িৎ কৌশল/ ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার বিজ্ঞান ও কৌশল/সংশ্লিষ্ট বিষয়) এ কমপক্ষে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি /সমগ্রেড থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর।

অথবা

প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় / পলিটেকনিক ইনস্টিটিউট থেকে প্রকৌশল (যেমন, ইলেকটিকাল/ ইলেকট্রনিক্স / কম্পিউটার/সংশ্লিষ্ট বিষয়) এ কমপক্ষে ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং পাশ হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/অন্যান্য স্বীকৃত প্রতিষ্ঠা-নে সংশ্লিষ্ট বিষয়ে জুনিয়র ইনস্ট্রুমেন্ট ইঞ্জিনিয়ার / সমমানের ২য় শ্রেণির পদে (বর্তমান মূল বেতন ১৬,০০০/- স্কেলে) পদমর্যাদায় ০৩ (তিন) বছর ইলেকট্রিকাল ও ইলেকট্রনিক্স যন্ত্রপাতি, কম্পিউটার, ইন্টারনেট ব্যাকবোন রক্ষণাবেক্ষন, তদারকী, ব্যবস্থাপনা ও এতদসংক্রান্ত অন্যান্য কাজে চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর।

৩। **উপ সহকারী প্রকৌশলী** (পূরকৌশল/তড়িৎকৌশল) : (গ্রেড-১০) -০৩ (তিন)টি পদ পূরকৌশল ও -০২ (দুই)টি পদ তড়িৎকৌশল

জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী বেতন ক্রম : (১৬,০০০-৩৮,৬৪০/-)

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/পলিটেকনিক ইনস্টিটিউট থেকে প্রকৌশল (যেমন, পূরকৌশল/তড়িৎ কৌশল / সংশ্লিষ্ট বিষয়) এ কমপক্ষে ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং পাশ হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর।

৪। **ফোরম্যান/উপ সহকারী প্রকৌশলী :** (গ্রেড-১০) - ০১(একটি) টি) পদ

জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী বেতন ক্রম : (১৬,০০০-৩৮,৬৪০/-)

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় / পলিটেকনিক ইনস্টিটিউট থেকে অটোমোবাইল/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ কমপক্ষে ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং পাশ হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর।

১৮/০৯/১৮

## আবেদনের শর্তাবলী

১। আগ্রহী প্রার্থীগণকে নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ ও বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (পূর্ব চাকরির বিস্তারিত বিবরণ- প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, পদ, বেতনস্কেল ও প্রাপ্ত বেতন, চাকরির মেয়াদকাল) ইত্যাদি উল্লেখপূর্বক নির্দিষ্ট ফর্ম (খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://ku.ac.bd/career/) থেকে ডাউনলোড করে ফর্ম পূরণপূর্বক) রেজিস্ট্রার, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা -৯২০৮ বরাবর ১০(দশ) সেট আবেদনপত্র জমা দিতে হবে।

২। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

৩। এই নীতিমালায় কর্মকর্তা হিসেবে প্রতিটি পদে নিয়োগের ক্ষেত্রে খুলনা বিশ্ববিদ্যালয়ে ১ম শ্রেণির কর্মকর্তা হিসেবে ০৭(সাত) বছর বা তদুর্ধ্ব পর্যন্ত কর্মরত কর্মকর্তাদের জন্য শিক্ষাগত যোগ্যতা (কেবল বিভাগ/শ্রেণি/গ্রেড) এবং বয়স শিথিলযোগ্য। তবে কর্মরত প্রার্থীরা এই শিথিলতার সুযোগ একবারের বেশি প্রাপ্য হবেন না।

৪। নিয়োগ নীতিমালায় বর্ণিত না থাকলে স্নাতকোত্তর ও স্নাতক ডিগ্রি নিম্নরূপে সমমান বিবেচিত হবে-
স্নাতকোত্তর /সমমান = ৪ বছর মেয়াদী স্নাতক = ৩ বছর মেয়াদী স্নাতক + ১ বছর মেয়াদী স্নাতকোত্তর = ২ বছর মেয়াদী স্নাতক + ২ বছর মেয়াদী স্নাতকোত্তর । অর্থাৎ কমপক্ষে ১৬ বছরের প্রাতিষ্ঠানিক ডিগ্রি। স্নাতক /সমমান = ৪ বছরের কম যে কোন স্নাতক ডিগ্রি।

৫। নিয়োগ নীতিমালায় বর্ণিত না থাকলে এসএসসি/সমমান, এইচএসসি/সমমান, স্নাতক /সমমান ও স্নাতকোত্তর /সমমানের ডিগ্রির বিভাগ/শ্রেণি/গ্রেড নিম্নরূপে সমমান বিবেচিত হবে -
সাধারণ - ১ম বিভাগ/শ্রেণি = জিপিএ ৩.০০ (৪.০০ স্কেলে) = জিপিএ ৩.৫০ (৫.০০ স্কেলে) এবং ২য় বিভাগ/শ্রেণি = জিপিএ ২.২৫ (৪.০০ স্কেলে) = জিপিএ ২.৫০ (৫.০০ স্কেলে)।
কলা ও মানবিক - ১ম বিভাগ/শ্রেণি = জিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে) = জিপিএ ৩.২৫ (৫.০০ স্কেলে) এবং ২য় বিভাগ/শ্রেণি = জিপিএ ২.০০ (৪.০০ স্কেলে) = জিপিএ ২.২৫ (৫.০০ স্কেলে)।

৬। কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।

৮। মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী/উপজাতি/নারী ইত্যাদি প্রার্থীদের কোটা সংরক্ষিত থাকবে।

৯। প্রতি সেট আবেদনপত্রের সংগে নিম্নলিখিত কাগজ-পত্রাদি অবশ্যই দাখিল করতে হবে-
ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি
খ) নাগরিকতার সনদের সত্যায়িত কপি
গ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি করে)
ঘ) যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখার উপর, রেজিস্ট্রার, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা- এর অনুকূলে ৬০০/-(ছয়শত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জমা দিতে হবে।

১০। প্রার্থীকে অবশ্যই কম্পিউটার ও ইংরেজি ভাষায় দক্ষ হতে হবে।

১১। পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি হতে পারে।

১২। আবেদনপত্র আগামী ২০/০৯/২০১৮ থেকে ০৭/১০/২০১৮ খ্রি. তারিখ বিকাল ০৫-০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌঁছাতে হবে (সরাসরি অথবা ডাকযোগে)।

১৩। নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৪। লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ ডি.এ. প্রদান করা হবে না।

(প্রফেসর খান গোলাম কুদ্দুস)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)